গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, কলারোয়া সরকারি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা

এবং

পরিচালক ,আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

# (Annual Performance Agreement)

জুলাই ০১, ২০২৪খ্রি :- জুন ৩০, ২০২৫খ্রি:



CamScanner

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: সাধারণ কার্যাবলি | ৫ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৬ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ৮ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ৯ |

কলারোয়া সরকারি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা, খুলনা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of Kalaroa Govt. College)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

ক্লাস রুম ব্যবস্থাপনায় ১০০ ভাগ মাল্টিমিডিয়ার ব্যবহার নিশ্চিত করা হয়েছে। কলেজের সকল কার্যক্রম তদারকি ও সার্বিক নিরাপত্তা রক্ষার্থে সিসি টিভির ব্যবহার করা হচ্ছে। শিক্ষার্থীদের অনলাইন ক্লাসের আগ্রহ সৃষ্টি এবং অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে অভিভাবকবৃন্দের সাথে অনলাইন ও মোবাইল ফোনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। উচ্চ মাধ্যমিক স্তরে প্রতি ২৫ জন শিক্ষার্থীর বিপরীতে একজন শিক্ষকের তত্ত্বধানে ক্লাসে উপস্থিতিসহ সার্বিক শিক্ষা কার্যক্রম মনিটরিং ও কাউন্সেলিং চলমান রয়েছে। শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করার জন্য ডিজিটাল বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট ডিভাইসের মাধ্যমে ডিজিটাল হাজিরা গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। কলেজের শিক্ষাকার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে ১০টি পদ (প্রভাষক ও সহকারী অধ্যাপক) সৃজন হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠান ও প্রকল্প কর্তৃক প্রশক্ষণ প্রাপ্ত শিক্ষকবৃন্দের মাধ্যমে ইন হাউজ (In house) প্রশিক্ষন কার্যক্রম পরিচালনা চলমান রয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে কলেজ প্রাঙ্গনে গাছের চারা রোপন করে বৃক্ষ রোপন করে বৃক্ষ রোপন কর্মসূচি পালন করা হয়। সহশিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা,অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা,সাংস্কৃতিক সপ্তাহ, মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ সেনা বাহিনী কর্তৃক আয়োজিত মিনি ম্যারাথনে ২০জন প্রতিযোগির অংশগ্রহণ, দুদকের সততা সংঘ এর উদ্যোগে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। কলেজ প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে সুবর্ণজয়ন্তী উদযাপন করা হয়েছে। কলেজ পর্যায়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন সম্প্রসারণ প্রকল্পের অধীনে ৬তলা ভবন প্রায় সম্পন্ন ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অধীনে GoB প্রকল্পের ৪তলা ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। নিয়মিত উপজেলা ও জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিজ্ঞান মেলায় শিক্ষার্থীরা অংশগ্রহণ করছে। কলেজ প্রাঙ্গণে বঙ্গবন্ধু ম্যুরাল স্থাপন চলমান রয়েছে। বহিরাগত নিয়ন্ত্রণের লক্ষ্যে কলেজের সীমানা প্রাচীর নির্মাণ চলমান রয়েছে। শিক্ষার্থীদের সাইকেল, মোটরসাইকেল পার্কিং এর লক্ষ্যে শেড নির্মাণ করা হয়েছে। সকল বিভাগে টেলিফোন সংযোগ স্থাপন করা হয়েছে। কলেজে শহিদ মিনার নির্মাণ করা হয়েছে ও কলেজ ক্যাম্পাসের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে নান্দনিক ফুল বাগান স্থাপন করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ইন্টারনেটের গতি মন্থর। অতি মহামারি, গ্রীষ্মের দাবদাহ ও বিভিন্ন ছুটির কারণে একাডেমিক কার্যক্রম ব্যাহত হয়। এমতাবস্থায় সিলেবাস অনুযায়ী পাঠদান, অভ্যন্তরীণ পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ নির্দিষ্ট সময়ে সম্পন্ন করা কঠিন হয়ে পড়ছে। পদার্থ, ইংরেজি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের শিক্ষক সংকট থাকায় একাডেমিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। কলেজের বিভিন্ন বিষয়ে সহকারী অধ্যাপক এর ০৮টি এবং প্রভাষক এর ০৫টি, প্রদর্শকের ০৩টি, শরীরচর্চা শিক্ষক ০১টি, সহকারী গ্রন্থাগারিক এর ০১টি পদ শূন্য থাকায় এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ২৪টি পদের মধ্যে ১৩টি পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনায় বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। কলেজের শিক্ষকদের আবাসন সমস্যা দূর করা জন্য ডরমেটরি ভবন নির্মাণ, ছাত্রদের আবাসন সংকট নিরসনে বঙ্গবন্ধু ছাত্রাবাস সম্প্রসারণ ও ছাত্রীদের আবাসন সংকট নিরসনে ছাত্রীনিবাস নির্মাণ করা জরুরি। প্রশাসনিক ও একাডেমিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইফেক্টিভ ট্রেনিং আবশ্যক।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে গৃহীত সকল কর্মসূচি ও নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের সাথে সাথে ক্রমবর্ধমান মানসম্পন্ন শিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ক্ষমতা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। কলেজের বঙ্গবন্ধু ছাত্রাবাসের সম্প্রারণ, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব ছাত্রী নিবাস ও শেখ হাসিনা ছাত্রীনিবাসের জন্য জায়গা নির্ধারণ ও কর্তৃপক্ষের নিকট বরাদ্দ চেয়ে আবেদন প্রেরণ করা হয়েছে। প্রচলিত কারিকুলাম নির্ভর শিক্ষা পদ্ধতির পাশাপাশি কর্মমুখি শিক্ষা কার্যক্রম চালুর লক্ষ্যে সহশিক্ষার অংশ হিসেবে উদ্যোক্তা শিক্ষার্থী তৈরির জন্য সেলাই মেশিন পরিচালনা, গাড়ী চালনা ও পশু পালনের প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা গৃহীত হয়েছে। প্রতি শিক্ষকের আলাদা কক্ষ প্রদানের পরিকল্পনা রয়েছে। একবিংশ শতাব্দির জলবায়ুর পরিবর্তনজনিত প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান ও দুর্যোগে করণীয় অবগতকরণের লক্ষ্যে ইকোক্লাব নির্মাণের পরিকল্পনা রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৯৩ সালে উপহার হিসেবে প্রাপ্ত অচল বাসটি বর্তমান প্রেক্ষাপটে সচল করে পরিচালনা ব্যয় নির্বাহ করা দুরহ বিধায় অকেজো মোটরযানটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে ফেরত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিষয়টি অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- শ্রেণিভিত্তিক তত্ত্বীয় ৬৬২০টি, ব্যবহারিক ২০০টি ও মাল্টিমিডিয়ার মাধ্যমে ১৬০০টি ক্লাস গ্রহণ
- কলেজ প্রশাসন ও শিক্ষা প্রশাসনের সক্ষমতা,স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১২টি ইনহাউজ প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ।
- জাতীয় দিবসগুলো যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীযের পরিবেশে উদযাপন
- প্রতিষ্ঠানের শৃংখলা সংক্রান্ত কাজে ভিজিল্যান্স টিমের ২০০টি রিপোর্ট উপস্থাপন
- মাসিক In House Training এর মাধ্যমে শিক্ষকদের ডিজিটাল কনটেন, শুদ্ধচার কৌশল, বিষয়ভিত্তিক সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান
- সহপাঠ কার্যক্রমে বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সংস্কৃতিক প্রতিযোগিতা, মিলাদ, পূজা আয়োজন
- উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে ৩৮০ জন শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদানের সুপারিশ।



CamScanner

# প্রস্তাবনা

**কলারোয়া সরকারি কলেজ**
**কলারোয়া, সাতক্ষীরা**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন খুলনা অঞ্চলের মাঠ পর্যায়ের কার্যালয় কলারোয়া সরকারি কলেজ এর প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ -এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, কলারোয়া সরকারি কলেজ ,কলারোয়া, সাতক্ষীরা

এবং

পরিচালক ,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

CS CamScanner

## সেকশন ১: সাধারণ কার্যাবলি

১. কলেজ রুটিন অনুযায়ী শ্রেণিভিত্তিক পাঠদান ও ব্যবহারিক পাঠ নিশ্চিত করা।

২. গুণগত ফলাফল নিশ্চিতকরণে ক্লাসে টেস্ট, অর্ধবার্ষিক ও বার্ষিক পরীক্ষা, প্রাক নির্বাচনী পরীক্ষা, দুর্বলদের জন্য বিশেষ পাঠদান।

৩. উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ, বিজ্ঞান মেলা, সৃজনশীল মেধা অন্বেষণ, ডিজিটাল উদ্ভাবনী মেলা ও খেলাধুলার বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ ও প্রতিযোগী প্রেরণ করা।

৪. বিভিন্ন জাতীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন।

৫. কলেজের ক্যাডার অফিসারদের পাসপোর্ট, শিক্ষাছুটি, প্রশিক্ষণ ও মাতৃত্বকালীন ছুটি সংক্রান্ত কাজ (প্রত্যায়ন/সুপারিশসহ) ও সরকারি নিয়মানুযায়ী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান এবং দরিদ্র তহবিল থেকে মেধাবী অস্বচ্ছল শিক্ষার্থীদের আর্থিক সাহায্য প্রদান। ও সনদপত্র, প্রশংসাপত্র, নম্বরপত্র, ছাড়পত্র ও প্রত্যয়নপত্র প্রদান।

# সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম Activities | কর্মসম্পাদন সূচক Performance Indicators | গণনা পদ্ধতি | একক Unit | কর্মসম্পাদন সূচকের মান Weight of Performance Indicators | প্রকৃত অর্জন (বিগত দুই অর্থবছরের) | | ২০২৪-২৫ লক্ষ্যমাত্রা/নির্ণায়ক Target/Criteria Value for FY ২০২৪-২০২৫ | | | | | প্রক্ষেপন (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| এপিএ প্রস্তুতকারী অফিসের কার্যক্রম (১০০ নম্বর) | | | | | | | | | | | | | | | |
| ১একাডেমিক কার্যক্রম পরিচালনা | ২৫ | ১.১ তত্তীয় ক্লাস গ্রহণ | ১.১.১ উচ্চ মাধ্যমিক শ্রেণির গৃহীত ক্লাসের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | ৭১০০ | ৬৫৮০ | ৩৫৮০ | ৩২২০ | ২৮৬০ | ২৫০০ | ২১৪০ | ৩৭৪০ | ৩৮০০ |
| | | | ১.১.২ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাসের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১৭৪০ | ১৫৬০ | ১০৯০ | ১২১০ | ১০৪০ | ১৮০০ | ১৯০০ |
| | | | ১.১.৩ স্নাতক (পাস) শ্রেণির ক্লাসের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৪ | | | ১৩০০ | ১১৭০ | ১০৪০ | ৯১০ | ৭৮০ | ১৪৪০ | ১৫৫০ |
| | | ১.২ ব্যবহারিক ক্লাস গ্রহণ | ১.২.১ গৃহীত ক্লাসের সংখ্যা (উচ্চ মাধ্যমিক) | সমষ্টি | সংখ্যা | ০৩ | ২২০ | ২১০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২৫০ | ২৭০ |
| | | ১.৩ মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস গ্রহণ | ১.৩.১ গৃহীত বাৎসরিক ক্লাসের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৪ | ৭০০ | ১৫৬০ | ১৬০০ | ১৪৪০ | ১২৮০ | ১১২০ | ৯৫০ | ১৮০০ | ২০০০ |
| | | ১.৪ অভ্যন্তরীণ পরীক্ষা গ্রহণ | ১.৪.১.গৃহীত পরীক্ষা | সমষ্টি | সংখ্যা | ০৪ | ৪০০ | ৪৩০ | ৪৪০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ২৫০ | ৪৭০ | ৫০০ |
| ২ .শিক্ষা প্রশাসনের সক্ষমতা স্বচ্ছতা বৃদ্ধি | ২৫ | ২.১ একাদশ, ডিগ্রী (পাস) ও অনার্স কোর্সের আসন অনুযায়ী ভর্তি | ২.১.১ একাদশ, ডিগ্রী (পাস) ও অনার্স কোর্সের আসন অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৮ | ১৪০০ | ১৭৫০ | ১৭৫০ | ১৫৭০ | ১৪০০ | ১২২০ | ১০৫০ | ১৭৭০ | ১৮০০ |
| | | ২.২ APA কমিটির সভা | ২.২.১ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ০৫ | ১০ | ১২ | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| | | ২.৩ শিক্ষক পরিষদ ও একাডেমিক কাউন্সিলের সভা | ২.৩.১ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ০৫ | ১২ | ১২ | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| | | ২.৪ অধীনস্ত শিক্ষক ও কর্মকর্তা ওকর্মচারীদের বিভিন্ন ধরনের ভাতা প্রদান ও পাসপোর্টসহ অন্যান্য আবেদন নিস্পত্তির সংখ্যা | ২.৪.১ নিস্পত্তিকৃত আবেদন | সমষ্টি | সংখ্যা | ০৫ | ১২ | ১৪ | ১৬ | ১৪ | ১২ | ১১ | ১০ | ১২ | ১২ |
| | | ২.৫ শিক্ষার্থীদের সনদপত্রপ্রসংশাপত্র ও অভিযোগপত্রসহ অন্যান্য আবেদন নিস্পত্তির সংখ্যা | ২.৫.১ নিস্পত্তিকৃত আবেদন | সমষ্টি | সংখ্যা | ০২ | ২৪৫০ | ২৬০০ | ২৬০০ | ২৩৪০ | ২০৮০ | ১৮২০ | ১৫৫০ | ২৬৫০ | ২৭০০ |
| ৩. দক্ষতা বৃদ্ধি ও কার্যকর মনিটরিং | ১৮ | ৩.১ ইন হাউজ প্রশিক্ষণ | ৩.১.১ গৃহীত প্রশিক্ষণ | সমষ্টি | | ০৭ | ১৪ | ১২ | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| | | ৩.২ ভিজিল্যান্স টিম গঠ | ৩.১.২ভিজিল্যান্স টিম গঠিত | তারিখ | তারিখ | ০৭ | ১০.৭.২২ | ১০.৭.২৩ | ১০.৭.২৪ | - | - | - | - | - | - |
| | | | ৩.১.৩ আইন শৃংখলা রক্ষাকরার দায়িত্ব পালন ও ক্লাস পরিদর্শন এবং রিপোর্ট প্রদান | সমষ্টি | সংখ্যা | ০৪ | ৯০ | ১৯০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২০০ | ২০০ |
| ৪. সহপাঠ কার্যক্রম | ২২ | ৪.১ সহপাঠ কার্যক্রম পরিচালনা | ৪.১.১ জাতীয় দিবস উদযাপন | সমষ্টি | সংখ্যা | ০৭ | ০৯ | ১২ | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| | | | ৪.১.২ বার্ষিক ক্রীড়ার আয়োজন | সমষ্টি | সংখ্যা | ০৬ | - | ০১ | ০১ | - | - | - | - | ০১ | ০১ |
| | | | ৪.১.৩ সাহিত্য ও সংস্কৃতিক সপ্তাহ আয়োজন | সমষ্টি | সংখ্যা | ০৫ | - | ০১ | ০১ | - | - | - | - | ০১ | ০১ |
| | | | ৪.১.৪ বার্ষিক মিলাদ আয়োন | সমষ্টি | সংখ্যা | ০২ | ০১ | ০১ | ০১ | - | - | - | - | ০১ | ০১ |
| | | | ৪.১.৫ পূজা উদযাপন | সমষ্টি | সংখ্যা | ০২ | ০১ | ০১ | ০১ | - | - | - | - | ০১ | ০১ |
| ৫. শিক্ষার সমতা নিশ্চিত করণ | ১০ | ৫.১ বৃত্তি/উপবৃত্তি প্রদান | ৫.১.১ বৃত্তি/উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ০৫ | ৩৬০ | ৩৮০ | ৩৮০ | - | - | - | - | ৩৮০ | ৩৯০ |
| | | ৫.২ শিক্ষার্থী ও অভিভাবকের সাথে মত বিনিময় | ৫.২.১ গৃহীত মতবিনিময় | সমষ্টি | সংখ্যা | ০৪ | ০২ | ০৫ | ০৬ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৬ | ০৭ |



CS CamScanner

## সংযোজনী-১

## শব্দ সংক্ষেপন (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপন | পূর্ণরূপ |
|---|---|---|
| 1 | DSHE | Directorate of Secondary and Higher Education |
| 2 | MoE | Ministry of Education |
| 3 | MoF | Ministry of finance |
| 4 | NAEM | National Academy for Education and Management |
| 5 | RPATC | Regional Public Administration Training Center |
| 6 | TTC | Teachers Training College |



CamScanner

আমি, অধ্যক্ষ, কলারোয়া সরকারি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা, খুলনা (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন খুলনা অঞ্চলের সরকারি কলেজ) আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা এর নিকট অঙ্গিকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা অধ্যক্ষ, কলারোয়া সরকারি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা, খুলনা এর নিকট অঙ্গিকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট কলেজকে সর্বাত্বক সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরিতঃ

24/06/2024

পরিচালক
আঞ্চলিক কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
খুলনা অঞ্চল, খুলনা।
তারিখঃ

অধ্যক্ষ
কলারোয়া সরকারি কলেজ
কলারোয়া, সাতক্ষীরা
খুলনা।
তারিখঃ 24/6/2024

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

তারিখঃ



CamScanner

# সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকের পরিমাণ পদ্ধতি

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ০১ | ১.১ তত্ত্বীয় ক্লাস গ্রহণ | ১.১.১ উচ্চ মাধ্যমিক শ্রেণির গৃহীত ক্লাসের সংখ্যা | কলেজ রুটিন, হাজিরাখাতা ও ফেজবুক পেজ |
| | | ১.১.২ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাসের সংখ্যা | |
| | | ১.১.৩ স্নাতক (পাস) শ্রেণির ক্লাসের সংখ্যা | |
| ০২ | ১.২ ব্যবহারিক ক্লাস গ্রহণ | ১.২.১ গৃহীত ক্লাসের সংখ্যা (উচ্চ মাধ্যমিক) | কলেজ রুটিন, হাজিরাখাতা ও ফেজবুক পেজ |
| ০৩ | ১.৩ মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস গ্রহণ | ১.৩.১ গৃহীত বাৎসরিক ক্লাসের সংখ্যা | কলেজ রুটিন ও ফেজবুক পেজ |
| ০৪ | ১.৪ অভ্যন্তরীণ পরীক্ষা গ্রহণ | ১.৪ ১.গৃহীত পরীক্ষা | অফিস আদেশ, রুটিন ও ফলাফল |
| ০৫ | ১.৫ ইন হাউজ প্রশিক্ষণ | ১.৫.১ গৃহীত প্রশিক্ষণ | অফিস আদেশ, উপস্থিতিপত্র |
| ০৬ | ২.১ একাদশ, ডিগ্রী (পাস) ও অনার্স কোর্সের আসন অনুযায়ী ভর্তি | ২.১.১ একাদশ, ডিগ্রী (পাস) ও অনার্স কোর্সের আসন অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা | ভর্তিবিজ্ঞপ্তি ও দাপ্তরিক নথি |
| ০৭ | ২.২ শিক্ষক পরিষদ ও একাডেমিক কাউন্সিলের সভা | ২.২ সভা আয়োজিত | সভার বিজ্ঞপ্তি, ওয়েবসাইট ও ফেজবুক পেজে বিজ্ঞপ্তি প্রকাশ |
| ০৮ | ২.৩ ভিজিল্যান্স টিম গঠ | ২.৩.১ভিজিল্যান্স টিম গঠিত | অফিস আদেশ |
| | | ২.৩.২ আইন শৃংখলা রক্ষাকরার দায়িত্ব পালন ও ক্লাস পরিদর্শন এবং রিপোর্ট প্রদান | অফিস রেজিস্ট্রার |
| ০৯ | ২.৪ অধীনস্ত শিক্ষক ও কর্মকর্তা ওকর্মচারীদের বিভিন্ন ধরনের ভাতা প্রদান ও পার্সপোর্টসহ অন্যান্য আবেদন নিষ্পত্তির সংখ্যা | ২.৪.১ নিষ্পত্তিকৃত আবেদন | অফিস আদেশ ও দাপ্তরিক নথি |
| ১০ | ২.৫ শিক্ষার্থীদের সনদপত্র,প্রসংশাপত্র ও অভিযোগপত্রসহ অন্যান্য আবেদন নিষ্পত্তির সংখ্যা | ২.৫.১ নিষ্পত্তিকৃত আবেদন | আবেদনপত্র ও অফিস রেজিস্ট্রার |
| ১১ | ৩.১ সহপাঠ কার্যক্রম পরিচালনা | ৩১.১. জাতীয় দিবস উদযাপন | অফিস আদেশ ও উপস্থিতিপত্র |
| | | ৩.১.২ বার্ষিক ক্রীড়ার আয়োজন | অফিস আদেশ |
| | | ৩.১.৩ সাহিত্য ও সংস্কৃতিক সপ্তাহ আয়োজন | |
| | | ৩.১.৪ বার্ষিক মিলাদ আয়োন | |
| | | ৩.১.৫ পূজা উদযাপন | |
| ১২ | ৪.১ বৃত্তি/উপবৃত্তি প্রদান | ৪.১.১ বৃত্তি/উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা | অফিস আদেশ ও সংরক্ষিত নথি |
| ১৩ | ৪.২ শিক্ষার্থী ও অভিভাবকের সাথে মত বিনিময় | ৪.২.১ গৃহীত মতবিনিময় | সভার বিজ্ঞপ্তি, ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ |



CamScanner